

## অগ্নি নিরাপত্তা ব্যবস্থায় প্রত্যেকেরই একটি ভূমিকা রয়েছে

আপনার ভবনের বাইরে দাহ্য আবরণ শনাক্ত হওয়া মানেই এই নয় যে আপনার ভবন অনিরাপদ। তবে, অগ্নিকাণ্ড ঘটলে এই দাহ্য আবরণ আগুন ছড়িয়ে পড়তে সাহায্য করতে পারে।

অগ্নিকাণ্ডের ঝুঁকি কমাতে এবং আপনার নিজেকে, আপনার পরিবার ও প্রতিবেশীদেরকে সুরক্ষিত রাখতে আপনাকে কিছু সহজ পদক্ষেপ অনুসরণ করতে হবে। **জরুরি অবস্থায়, 000 (ট্রিপল জিরো) নম্বরে কল করুন।**



ব্যালকনিতে ধূমপান করবেন না



ব্যালকনিতে বারবিকিউ করবেন না



ব্যালকনিতে গ্যাসের বোতল সংরক্ষণ করবেন না



নিশ্চিত করুন যে স্মোক অ্যালার্মগুলো ঢাকা পড়ে যায়নি বা সংযোগ-বিচ্ছিন্ন হয়ে যায়নি এবং সেগুলো প্রতি মাসে পরীক্ষা করা হয়। নয় ভোল্টের ব্যাটারিগুলো প্রতি বছর পরিবর্তন করুন। সেগুলোর পরিবর্তে 10-বছর মেয়াদী লিথিয়াম ব্যাটারি যুক্ত স্মোক অ্যালার্ম ব্যবহার করার কথা বিবেচনা করুন।



ব্যালকনি, হলওয়ে এবং নির্গমনের রাস্তাগুলো জঞ্জাল ও আবর্জনা মুক্ত রাখুন। আপনার যেন একটি নির্গমন পরিকল্পনা থাকে তা নিশ্চিত করুন।



কাপড় ও অন্যান্য উপকরণ শীতাতপ নিয়ন্ত্রণ ইউনিট হতে কমপক্ষে এক মিটার দূরে রাখুন